# মূল বইয়ের অতিরিক্ত অংশ

## চতুর্থ অধ্যায়: উৎপাদন ও সংগঠন

### পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্নোত্তর

**প্রশ্ন ▶১** রাসেল মিয়া একজন কৃষক। তিনি তার জমিতে ধান উৎপাদন করেন। তিনি ১০ জন শ্রমিক নিয়োগ দিয়ে ১০০০ কেজি ধান উৎপাদন করতে সমর্থ হন। পরের বছর তার ছেলেও শ্রমিকদের সাথে কাজ করায় তার ধানের উৎপাদন বেড়ে ১০৫০ কেজিতে দাঁড়ায়। *◀শিখনফল-৫*

ক. শ্রম কাকে বলে? ১

খ. সময়গত উৎপাদন বলতে কী বোঝায়? ২

গ. রাসেল মিয়ার জমিতে উৎপাদিত ধানের মোট, গড় এবং প্রান্তিক উৎপাদন নির্ণয় করে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত গড় ও প্রান্তিক উৎপাদনের মধ্যে কোনো সম্পর্ক আছে কি? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** উৎপাদন কাজে নিয়োজিত মানুষের শারীরিক ও মানসিক পরিশ্রম যার বিনিময়ে অর্থ উপার্জন হয় তাকেই অর্থনীতিতে শ্রম বলে।

**খ** সময়ের ব্যবধানে অনেক জিনিসের উৎপাদন ও উপযোগ বাড়ে। এদেরকে সময়গত উৎপাদন বলে।


যেমন: পৌষ-মাঘ মাসে ধানের মৌসুমে সরবরাহ বেশি হয়। এই সময়ে ধানের দাম কম থাকে। এ সময়ে ধান মজুদ করে ভাদ্র-আশ্বিন মাসে বিক্রি করলে বেশি দাম পাওয়া যায়। অর্থাৎ সময়গত উৎপাদন বলতে সময়ের ব্যবধানে কোনো দ্রব্যের উৎপাদন বা উপযোগ বৃদ্ধির প্রক্রিয়াকে বোঝায়।

**গ** রাসেল মিয়ার জমিতে ধান উৎপাদনের পরিমাণ ও শ্রমিকের নিয়োগ থেকে উৎপাদনের তিনটি দিক সম্পর্কে জানা যায়। যথা: মোট উৎপাদন, গড় উৎপাদন ও প্রান্তিক উৎপাদন।

বিভিন্ন উপকরণ নিয়োগের প্রভাবে যে উৎপাদন পাওয়া যায়, তাকে মোট উৎপাদন বলে। মোট উৎপাদনের পরিমাণকে মোট উপকরণ বা উপাদান দ্বারা ভাগ করলে গড় উৎপাদন পাওয়া যায়। আর প্রান্তিক উৎপাদন হলো অতিরিক্ত এক একক উপকরণ নিয়োগের ফলে যে অতিরিক্ত উৎপাদন পাওয়া যায়। এক্ষেত্রে যদি শ্রম ব্যবহার করা হয় তাহলে শ্রমের এবং মূলধন ব্যবহার করলে মূলধনের প্রান্তিক উৎপাদন বলতে হবে।

১০০০ কেজি ধান হলো তার মোট উৎপাদন, (১০০০ ÷ ১০) বা ১০০ কেজি হচ্ছে তার গড় উৎপাদন এবং (১০৫০ —১০০০) বা ৫০ কেজি হচ্ছে তার প্রান্তিক উৎপাদন।

**ঘ** হ্যাঁ, গড় উৎপাদন ও প্রান্তিক উৎপাদনের মধ্যে তিন ধরনের সম্পর্ক রয়েছে। যেমন- প্রান্তিক উৎপাদন বাড়তে থাকলে গড় উৎপাদনও বাড়তে থাকে; প্রান্তিক উৎপাদন যখন কমতে থাকে, তখন গড় উৎপাদনও কমতে থাকে এবং গড় উৎপাদন যখন সর্বোচ্চ হয়, প্রান্তিক উৎপাদন রেখা তখন গড় উৎপাদন রেখার সর্বোচ্চ বিন্দুতে ছেদ করে এবং ছেদ বিন্দুতে গড় উৎপাদন ও প্রান্তিক উৎপাদন সমান হয়।




গড় ও প্রান্তিক উৎপাদনের মধ্যে সম্পর্ক

চিত্রে ভূমি অক্ষে (OX) শ্রম উপকরণ নিয়োগ এবং লম্ব অক্ষে (OY) গড় ও প্রান্তিক উৎপাদন দেখানো হয়েছে। এছাড়া AP দ্বারা গড় উৎপাদন রেখা ও MP দ্বারা প্রান্তিক উৎপাদন রেখাকে বোঝানো হয়েছে। ON পরিমাণ উপকরণ নিয়োগের পূর্বে MP বেশি থাকে AP-এর তুলনায়, তবে উভয়ই বৃদ্ধি পায়। আবার ON উপকরণ নিয়োগ স্তরে AP সর্বোচ্চ হয় এবং E বিন্দুতে AP ও MP সমান হয়। $ON_2$ নিয়োগ স্তরে AP ও MP দুটোই কমতে থাকে, তবে MP বেশি হারে কমে। চিত্রে $ON_2$ উপকরণ নিয়োগ স্তরে গড় উৎপাদন প্রান্তিক উৎপাদনের চেয়ে বেশি হয়।

উদ্দীপকের রাসেল মিয়ার জমিতে ধানের উৎপাদন ও শ্রমিক নিয়োগের ক্ষেত্রে একই অবস্থা বিরাজ করছে। কারণ, প্রথমে তার প্রান্তিক উৎপাদন বেশি হারে বৃদ্ধি পায় এবং পরে এটা ধীরে ধীরে কমতে থাকে। নিয়োগ যতই বাড়ানো হোক, একটি নির্দিষ্ট সময়ের পর গড় উৎপাদন বাড়ে কিন্তু প্রান্তিক উৎপাদন কমতে থাকে।

**প্রশ্ন ▶২** নিচের সারণি থেকে প্রশ্নগুলোর উত্তর দাও—

| শ্রমিকের সংখ্যা | ধানের মোট উৎপাদন (কেজি) | ধানের মোট উৎপাদন মূল্য (প্রতি কেজি ২০ টাকা) | প্রান্তিক উৎপাদনের মূল্য |
|---|---|---|---|
| ১ | ৫০ | ১০০০ | ১০০০ |
| ২ | ১০০ | - | - |
| ৩ | ১৩০ | - | - |
| ৪ | ১৫০ | - | - |
| ৫ | ১৭০ | - | - |
| ৬ | ১৮০ | - | - |

*◀শিখনফল-১০*

ক. মোট উৎপাদন কাকে বলে? ১

খ. ব্যক্তিগত ব্যয় বলতে কী বোঝ? ২

গ. উপরের সারণি পূরণ করে ব্যাখ্যা করো। ৩

ঘ. সারণিতে উপস্থাপিত বিষয়টি বাংলাদেশের কৃষিক্ষেত্রে প্রযোজ্য— মতামত দাও। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** বিভিন্ন উপকরণ নিয়োগের দ্বারা যে পরিমাণ উৎপাদন পাওয়া যায়, তাকে মোট উৎপাদন বলে।

**খ** ব্যক্তিগত ব্যয় হচ্ছে (ব্যক্তিমালিকানাধীন ফার্মের) উৎপাদনের সাথে জড়িত সব ধরনের প্রকাশ্য ও অ-প্রকাশ্য ব্যয়ের যোগফল।

কোনো উৎপাদনকারী প্রতিষ্ঠান ভাড়া বা উপকরণ ক্রয়ের জন্য দৃশ্যমান যে ব্যয় করে, তাকে প্রকাশ্য ব্যয় বলে। যেমন— ফার্মে কর্মরত মানুষের বেতন ও ভাতাদি, কাঁচামাল, মাধ্যমিক দ্রব্য ক্রয়ের জন্য ব্যয়, বাড়ি ভাড়া, মূলধনের সুদ ইত্যাদি হলো প্রকাশ্য ব্যয়। আর উদ্যোক্তার নিজের শ্রমের মূল্য, স্ব-নিয়োজিত সম্পদের ব্যয় ও উদ্যোক্তার আনুষজ্ঞিক ব্যয় ইত্যাদি হলো অ-প্রকাশ্য ব্যয়। এই সকল প্রকাশ্য ও অ-প্রকাশ্য ব্যয়ের সমষ্টিই হলো ব্যক্তিগত ব্যয়।

**গ** উদ্দীপকে উল্লেখিত সারণিটি পূরণ করে এর মূল ধারণাটি (ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি) ব্যাখ্যা করা হলো—

| শ্রমিকের সংখ্যা | ধানের মোট উৎপাদন (কেজি) | ধানের মোট উৎপাদন মূল্য [প্রতি কেজি ২০ টাকা] | প্রান্তিক উৎপাদনের মূল্য |
|---|---|---|---|
| ১ | ৫০ | ১০০০ | ১০০০ |
| ২ | ১০০ | ২০০০ | ১০০০ |
| ৩ | ১৩০ | ২৬০০ | ৬০০ |
| ৪ | ১৫০ | ৩০০০ | ৪০০ |
| ৫ | ১৭০ | ৩৪০০ | ৪০০ |
| ৬ | ১৮০ | ৩৬০০ | ২০০ |

উপরের ছকটিতে লক্ষ করা যায়, ১ জন শ্রমিক নিয়োগ করে ৫০ কেজি ধান উৎপাদন করা যায়। তখন প্রতি কেজি ধানের মূল্য ২০ টাকা হলে ধানের মোট উৎপাদন মূল্য হয় ১০০০ টাকা। একইভাবে ২, ৩, ৪, ৫ ও ৬ জন শ্রমিক নিয়োগ করলে ধানের মোট উৎপাদন মূল্য হয় যথাক্রমে ২০০০, ২৬০০, ৩০০০, ৩৪০০ ও ৩৬০০ টাকা। কাজেই ২ জন শ্রমিকের ক্ষেত্রে প্রান্তিক উৎপাদন (২০০০ – ১০০০) বা ১০০০ টাকা। একইভাবে, ৩, ৪, ৫ ও ৬ জন শ্রমিক নিয়োগের ক্ষেত্রে প্রান্তিক উৎপাদন হয় যথাক্রমে ৬০০, ৪০০ ও ২০০ টাকা। সুতরাং বলা যায়, শ্রমিকের সংখ্যা ক্রমান্বয়ে বাড়ানো হলে প্রান্তিক উৎপাদন হ্রাস পায়, যার ফলে মোট উৎপাদন ক্রমহ্রাসমান হারে বাড়ে। যা ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধিকে নির্দেশ করে।

**ঘ** সারণিতে উপস্থাপিত বিষয়টি হলো ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি। এই বিধিটি বাংলাদেশের কৃষিক্ষেত্রে প্রযোজ্য।

ভূমির সীমাবন্ধ যোগান ও উর্বরা শক্তি হ্রাস, কৃষি প্রজনন (উৎপাদন) সম্বন্ধীয় কাজ, শ্রম বিভাজনের সীমিত সুযোগ এবং আধুনিক যন্ত্রপাতির ব্যবহারের সীমাবদ্ধতা ইত্যাদি কারণে কৃষিক্ষেত্রে ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধিটি বিশেষভাবে কার্যকর হয়।

উদ্দীপকে লক্ষ করা যায়, কোনো নির্দিষ্ট জমিতে ক্রমান্বয়ে শ্রমিক নিয়োগ বাড়ালে মোট উৎপাদন ক্রমহ্রাসমান হারে বাড়ে। উদ্দীপকের মতো বাংলাদেশের কৃষি উৎপাদনের ক্ষেত্রে এই বিধিটির কার্যকারিতা পরিলক্ষিত হয়। ভূমি প্রকৃতির দান, কোনো এ ভূমির ওপর কৃষি সর্বাধিক নির্ভরশীল। সাধারণভাবে লক্ষণীয় যে, এ ভূমিতে কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে যে হারে উপকরণ ব্যয় বৃদ্ধি করা হয় উৎপাদন সে হারে বৃদ্ধি পায় না, বরং কম হারে বৃদ্ধি পায়। আবার, ভূমির উর্বরা শক্তি অসীম নয়। একই ভূমি বারবার ব্যবহারের ফলে প্রাকৃতিক নিয়মেই উর্বরা শক্তি কমতে থাকে। ফলে ভূমিতে উৎপাদিত ফসলও কম পাওয়া যায়। এছাড়া কৃষিকাজ হলো উৎপাদনশীল কাজ। যেহেতু ভূমির উৎপাদন ক্ষমতা প্রাকৃতিক পরিবেশ দ্বারা প্রভাবিত হয় তাই যান্ত্রিক কলাকৌশল ভূমির ক্ষেত্রে অনেকটাই সীমিত পর্যায়ে ব্যবহৃত হয়। এ কারণেও কৃষিতে উৎপাদন কম হয়।

উপর্যুক্ত কারণগুলোর প্রেক্ষিতে বলা যায়, বাংলাদেশের কৃষিক্ষেত্রে ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধিটি প্রযোজ্য।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

### ➤ উত্তর সংকেতসহ প্রশ্ন

**প্রশ্ন ▶৩** নুরুল ইসলাম তার জমিতে উৎপাদন বাড়ানোর জন্য শ্রমিকের পাশাপাশি তার সন্তানদেরকেও নিয়োগ করেন এবং মূলধনও সরবরাহ করেন। প্রথমদিকে আশানুরূপ উৎপাদন বাড়লেও পরে উপকরণ খরচের তুলনায় কম পরিমাণে উৎপাদন বাড়তে থাকে। তাই তিনি হতাশ হয়ে পড়েন এবং এ ধরনের সমস্যা সম্পর্কে জানার জন্য পার্শ্ববর্তী কৃষি অফিসে যোগাযোগ করলে তারা উন্নত বীজ, সার ব্যবহারের পরামর্শ দেন। ◀ *শিখনফল-১০*

ক. ব্যক্তিগত ব্যয় বলতে কী বোঝ? ১
খ. উন্নত দেশে ভূমি ও শ্রমের তুলনায় মূলধনের গুরুত্ব বেশি কেন? ২
গ. নুরুল ইসলামের কৃষি জমিতে কোন বিধিটি কার্যকর? চিত্রের সাহায্যে ব্যাখ্যা দাও। ৩
ঘ. বিধিটি কার্যকর থাকা সত্ত্বেও নুরুল ইসলাম কি ব্যবস্থা নিলে উৎপাদন বাড়বে বলে তুমি মনে কর? ৪

### ৩ নং প্রশ্নের উত্তর

**ক** ব্যক্তিগত ব্যয় বলতে কোনো ফার্ম বা উৎপাদন প্রতিষ্ঠান বিভিন্ন সম্পদ বা উপকরণ ক্রয়ের জন্য সরাসরি যে পরিমাণ আর্থিক ব্যয় এবং অপরাপর অপ্রকাশ্য ব্যয় করে তার সমষ্টিকে বোঝায়।

**খ** উন্নত দেশে ভূমি ও শ্রমের তুলনায় মূলধনের গুরুত্বই সর্বাধিক। উন্নত বিশ্বের দেশগুলোতে মূলধন গঠনের হার সর্বোচ্চ। পুঁজিবাদী অর্থব্যবস্থায় ব্যক্তিগত উদ্যোগে উৎপাদন পরিচালিত হয় বলে প্রচুর মুনাফা অর্জিত হয় ও মূলধন গঠনের ব্যাপক সুযোগ থাকে। এ অবস্থায় উৎপাদনক্ষেত্রে বিনিয়োগ করার মতো পর্যাপ্ত মূলধন মজুদ থাকে। তাই উন্নত দেশে ভূমি ও শ্রমের তুলনায় উৎপাদন ক্ষেত্র পরিচালনায় মূলধনের গুরুত্বই বেশি হয়।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি ব্যাখ্যা করো।

**ঘ** ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধির কার্যকারিতা আলোচনা করো।

**প্রশ্ন ▶৪** রতন ও তার বন্ধুরা একটি কারখানায় কাজ করে। কারখানার মালিক হাবীব সাহেব তাদের কাজ তদারক করেন। তারা দিনে ৮ ঘণ্টা কাজ করে। মাস শেষে তারা একটি নির্দিষ্ট বেতন পায়। লাভ বা লোকসানের দায় কারখানার মালিকের। ◀ *শিখনফল-৩ ও ৪*

ক. আর্থিক উৎপাদন ব্যয় কী? ১
খ. উৎপাদনের কোন উপাদানকে উদ্যোক্তা বলে এবং কেন? ২
গ. রতন ও তার বন্ধুরা উৎপাদনের যে উপাদান সেটি ব্যাখ্যা করো। ৩
ঘ. উৎপাদন ক্ষেত্রে হাবীব সাহেবের সামগ্রিক ভূমিকা বিশ্লেষণ করো। ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

ক নির্দিষ্ট সময়ে কোনো একটি দ্রব্য বা সেবা উৎপাদন করতে উৎপাদককে উপকরণের (কাঁচামালের ব্যয়, যন্ত্রপাতি, শ্রমিকের মজুরি জমি) জন্য যে অর্থ ব্যয় করতে হয়, তাকে আর্থিক উৎপাদন ব্যয় বলে।

খ অর্থনীতিতে সংগঠককেই উদ্যোক্তা বলে। যে ব্যক্তি উৎপাদনের বিভিন্ন উপকরণের মধ্যে সমন্বয় সাধন করে উৎপাদন ব্যবস্থাকে পরিচালনা করেন তিনিই সংগঠক। আর এই সংগঠককেই উদ্যোক্তা বলা হয়।

***সুপার টিপস্:*** *প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

গ উৎপাদনের উপাদান হিসেবে শ্রম উপাদানটি ব্যাখ্যা করো।

ঘ উৎপাদন ক্ষেত্রের উপাদান হিসেবে সংগঠন ও সংগঠনের ভূমিকা বিশ্লেষণ করো।

**➤ অনুশীলনের জন্য আরও প্রশ্ন**


**প্রশ্ন ▶৫** নরসিংদীর জয়নাল মিয়া প্রতি বছর জমিতে যে হারে মূলধন বিনিয়োগ করছেন সেই হারে তিনি ফসল পাচ্ছেন না। তাই দুশ্চিন্তাগ্রস্ত হয়ে এর কারণ অনুসন্ধানের জন্য জমিতে মূলধন বিনিয়োগের চার্টটি সাথে নিয়ে নিকটস্থ কৃষি গবেষকের কাছে গেলেন।

| বছর | জমির পরিমাণ | বিনিয়োগকৃত মূলধন | মোট উৎপাদন (মণ) | প্রান্তিক উৎপাদন |
|---|---|---|---|---|
| ১ম | ১ একর | ১ লক্ষ | ১০০ মণ | ১০০ মণ |
| ২য় | ১ একর | ২ লক্ষ | ২০০ মণ | ১২০ মণ |
| ৩য় | ১ একর | ৩ লক্ষ | ৩০০ মণ | ৮০ মণ |
| ৪র্থ | ১ একর | ৪ লক্ষ | ৩৫০ মণ | ৬০ মণ |

*◀ শিখনফল-১০*

ক. উৎপাদন ক্ষেত্রে কোন বিধিটি প্রযোজ্য? ১
খ. ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধিটি বর্ণনা করো। ২
গ. জয়নাল মিয়ার চার্টটি একটি রেখাচিত্রের সাহায্যে ব্যাখ্যা করো। ৩
ঘ. জয়নাল মিয়ার কী উপায় অবলম্বন করলে তার দুশ্চিন্তা দূর হবে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন ▶৬**




*◀ শিখনফল-৩*

ক. সংগঠনকে কী বলে? ১
খ. রূপগত উৎপাদন ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উৎপাদনের কোন কোন উপকরণের কথা বলা হয়েছে? বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের উপকরণগুলো পণ্য বা সেবায় রূপান্তরিত হওয়ার ধারাবাহিকতা বিশ্লেষণ করো। ৪

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. উৎপাদনের সাহায্য করে এমন সব প্রাকৃতিক সম্পদকে কী বলে?**
ⓚ প্রাকৃতিক সম্পদ ⓚ ভূমি
ⓖ মূলধন ⓖ উৎপাদনের উপকরণ

**২. বিভিন্ন উপকরণ নিয়োগের প্রভাবে যে উৎপাদন পাওয়া যায় তাকে কী বলে?**
ⓚ উৎপাদন ⓚ মোট উৎপাদন
ⓖ গড় উৎপাদন ⓖ প্রান্তি উৎপাদন

**৩. গড় উৎপাদন প্রান্তিক উৎপাদনের মধ্যে কয় ধরনের সম্পর্ক রয়েছে?**
ⓚ ৫ ⓚ ৪
ⓖ ৩ ⓖ ২

**৪. অর্থনীতিতে উৎপাদন বলতে কী বোঝায়?**
ⓚ উপযোগ সৃষ্টি করা
ⓚ চাহিদা সৃষ্টি করা
ⓖ বিনিয়োগ সৃষ্টি করা
ⓖ যোগান সৃষ্টি করা

**৫. মূলধনের সুদ কী ধরনের ব্যয়?**
ⓚ প্রকাশ্য ব্যয় ⓚ অপ্রকাশ্য ব্যয়
ⓖ প্রকৃত উৎপাদন ব্যয়
ⓖ সামাজিক ব্যয়

**৬. প্রান্তিক উৎপাদন রেখা প্রথমে গড় উৎপাদন রেখার কোন দিকে থাকে?**
ⓚ সমান্তরাল থাকে ⓚ উপরে থাকে
ⓖ নিচে থাকে ⓖ অনেক নিচে থাকে

**৭. পোশাক শিল্পে কর্মরত শ্রমিকদের পরিশ্রম উৎপাদনের কোন উপকরণ?**
ⓚ ভূমি ⓚ শ্রম
ⓖ মূলধন ⓖ সংগঠন

**৮. মি. মাহমুদ তার গার্মেন্টসে ২০০ জন শ্রমিক নিয়োগ দিয়ে মাসে ২০,০০০ শার্ট তৈরি করেন। তার প্রতিষ্ঠানের গড় উৎপাদন কত?**
ⓚ ১০০টি ⓚ ২০০টি
ⓖ ৩০০টি ⓖ ৪০০টি

**৯. মোদ্দাসের সাহেব তার ৫টি আম বাগানে ৫০ মণ আম উৎপাদন করেন। তার শ্রমিকপ্রতি গড় উৎপাদন ১০ মণ হলে তিনি কতজন শ্রমিক নিয়োগ দিয়েছিলেন?**
ⓚ ৪ জন ⓚ ৫ জন
ⓖ ৬ জন ⓖ ৭ জন

**১০. অতিরিক্ত শ্রম নিয়োগে উৎপাদন প্রক্রিয়ায় উৎপাদন কোন হারে বৃদ্ধি পায়?**
ⓚ ক্রমবর্ধমান হারে
ⓚ ক্রমহ্রাসমান হারে বাড়ে
ⓖ অপরিবর্তিত থাকে
ⓖ স্থগিত থাকে

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:**
মিসেস রহমান একটি গার্মেন্টস ফ্যাক্টরির ব্যবস্থাপক। তিনি ফ্যাক্টরির খাজনা, কর্মচারীদের মজুরি ও কাঁচামালের দাম প্রদান করেন।

**১১. উল্লিখিত কাজগুলো ব্যবস্থাপকের কী ধরনের কাজ?**
ⓚ নীতি নির্ধারণ ⓚ তত্ত্বাবধান
ⓖ বন্টন ⓖ ঝুঁকি গ্রহণ

**১২. অনুচ্ছেদের আলোকে মিসেস রহমানকে বলা যায়—**
i. সংগঠক
ii. উদ্যোক্তা
iii. মালিক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৩. নিচের কোনটি গড় উৎপাদন বের করার সূত্র?**
ⓚ $\text{গড় উৎপাদন} = \frac{\text{মোট উপকরণ}}{\text{মোট উৎপাদন}}$
ⓚ $\text{গড় উৎপাদন} = \frac{\text{মোট উৎপাদন}}{\text{মোট শ্রম উপকরণ}}$
ⓖ $\text{গড় উৎপাদন} = \frac{\text{মোট খরচ}}{\text{মোট উপাদান}}$
ⓖ $\text{গড় উৎপাদন} = \frac{\text{মোট উৎপাদন}}{\text{মোট খরচ}}$

**১৪. সাধারণত কোন ক্ষেত্রে ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধিটি বেশি কার্যকরী?**
ⓚ খনিজ ক্ষেত্রে ⓚ কৃষি ক্ষেত্রে
ⓖ মৎস্য ক্ষেত্রে ⓖ শিল্প ক্ষেত্রে

**১৫. নিচের কোনটি ভূমি?**
ⓚ কাঁচামাল ⓚ উর্বরা শক্তি
ⓖ কারখানা ⓖ মানসিক শ্রম

**১৬. কোনটি উপকরণ বাবদ ব্যয়?**
ⓚ ভ্রমণ ⓚ বিশ্রাম
ⓖ আনন্দ ⓖ শ্রমিকের মজুরি

**১৭. কোন ধরনের ব্যয় ফার্মের হিসাব বইতে থাকে না?**
ⓚ স্থির ব্যয় ⓚ মোট ব্যয়
ⓖ প্রকাশ্য ব্যয় ⓖ অপ্রকাশ্য ব্যয়

**১৮. নিচের কোনটি প্রকৃতির দান নয়?**
ⓚ ব্রিজ ⓚ নদী
ⓖ ভূমি ⓖ জলবায়ু

**১৯. সংগঠনের মূল কাজ হলো—**
i. উদ্যোগ গ্রহণ
ii. মুনাফা অর্জন
iii. ঝুঁকি গ্রহণ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**২০. উন্নয়নশীল দেশে উৎপাদনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ উপকরণ কোনটি?**
ⓚ মূলধন ও সংগঠন ⓚ ভূমি ও শ্রম
ⓖ ভূমি ও মূলধন ⓖ শ্রম ও সংগঠন

**২১. উপকরণ বৃদ্ধির সঙ্গে প্রান্তিক উৎপাদন কম হওয়াকে কী বলে?**
ⓚ ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি
ⓚ ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধি
ⓖ ক্রমহ্রাসমান প্রান্তিক ব্যয় বিধি
ⓖ সমানুপাতিক প্রান্তিক উৎপাদন বিধি

**২২. সংগঠন হলো কর্মীদের—**
i. সহনশীলতা
ii. পারস্পরিক দায়িত্ব কাঠামো
iii. পারস্পরিক কর্তৃত্ব কাঠামো
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**২৩. প্রতিটি কর্মীকে অধিকার দিতে হয়—**
i. স্বাধীনভাবে কাজ করার
ii. নির্বিঘ্নে কাজ করার
iii. যথাযথভাবে কাজ করার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**২৪. জানুয়ারি মাসে উৎপাদিত আলু জুন মাসে বিক্রি করলে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়?**
ⓚ রূপগত উপযোগ ⓚ স্থানগত উপযোগ
ⓖ কালগত উপযোগ ⓖ স্বত্বগত উপযোগ

**২৫. কোনটি উৎপাদন কাজে ঝুঁকি বহনকারী উপাদান?**
ⓚ ভূমি ⓚ মূলধন
ⓖ শ্রম ⓖ সংগঠন

**২৬. রহমান সাহেব একটি কক্ষে মাশরুম চাষ শুরু করেছেন। এটা তার কী ধরনের ব্যয়?**
ⓚ প্রকাশ্য ব্যয় ⓚ উৎপাদন ব্যয়
ⓖ অ-প্রকাশ্য ব্যয় ⓖ প্রকৃত ব্যয়

**২৭. প্রকৃত উৎপাদন ব্যয় হলো—**
i. একটি মানবিক ধারণা
ii. অর্থের অঙ্কে পরিমাপযোগ্য
iii. যা অর্থের বিনিময়ে পরিমাপ করা যায় না
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**২৮. নিচের কোনটি অ-প্রকাশ্য ব্যয়?**
ⓚ বাড়ি ভাড়া ⓚ বাসায় অফিস স্থাপন
ⓖ সুদ ⓖ কাঁচামাল ক্রয়

**২৯. করিম সাহেব নতুন ব্যবসায় দাঁড় করানোর জন্য একটি বাড়ি ভাড়া করলেন, এটি তার কী ধরনের ব্যয়?**
ⓚ স্বল্পকালীন ব্যয় ⓚ অদৃশ্যমান ব্যয়
ⓖ সাধারণ ব্যয় ⓖ প্রকাশ্য ব্যয়

**৩০. কোনটি সামাজিক ব্যয়?**
ⓚ মোটরগাড়ির ব্যয়
ⓚ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যে ব্যয়
ⓖ সমাজের স্বাস্থ্যখাতে ব্যয়
ⓖ উৎপাদনের ব্যয়

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.▶** বাংলাদেশে বিদ্যুতের উৎপাদন প্রয়োজনের তুলনায় অপ্রতুল। দেশের অনেক প্রত্যন্ত অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ না থাকায় জনাব 'ক' তার বাড়িতে সৌরচুল্লি বসিয়ে বিদ্যুতের চাহিদা মিটাচ্ছেন এবং প্রতিবেশীদের বিদ্যুৎ সরবরাহ ও প্রয়োজনীয় পরামর্শ দিয়ে সহায়তা করছেন। সূর্যালোকের দ্বারা এ বিদ্যুৎ উৎপন্ন হচ্ছে বলে জনাব 'ক'-কে এর জন্য সামান্য অর্থ ব্যয় করতে হয়।
ক. অর্থনীতিতে উৎপাদন কাকে বলে? ১
খ. প্রান্তিক উপাদান ক্রমহ্রাসমান হয় কেন? ২
গ. উদ্দীপকে সূর্যালোককে কি ভূমি বলা যায়? মতামত দাও। ৩
ঘ. তুমি কি মনে কর জনাব 'ক' একজন সফল সংগঠক। উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**২.▶** মৌরিন ১০ম শ্রেণিতে পড়ে। সে মনে করতো কোনো কিছু সৃষ্টি করাই উৎপাদন। কিন্তু সে ক্লাসে শিক্ষকের আলোচনা থেকে উৎপাদন সম্পর্কে স্বচ্ছ ধারণা লাভ করে। সে উৎপাদনের বিভিন্ন রূপ এবং উপকরণের গুরুত্ব সম্পর্কে জানতে পারে।
ক. গড় উৎপাদনের সূত্রটি কী? ১
খ. অপ্রকাশ্য ব্যয় বলতে কী বোঝায়? ২
গ. বাংলাদেশের প্রেক্ষিতে উৎপাদনের উপকরণের ক্ষেত্রে কোনটির গুরুত্ব বেশি এবং কেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. মৌরিনের ধারণা থেকে উৎপাদনের বিভিন্ন রূপগুলো বিশ্লেষণ করো। ৪

**৩.▶** বগুড়ার বালুমাটিতে সুরেশের জায়গায় খুব ভালোভাবে মিষ্টি কুমড়া ও বাদাম উৎপন্ন হয়। অথচ সে ভালো দাম পায় না মধ্যস্বত্বভোগীদের জন্য। একদিন স্কুলের হেডমাস্টার তাকে পরামর্শ দিল ঢাকা নিয়ে বেচতে। সে তাই করল এবং ভালো দাম পেল।
ক. প্রকাশ্য ব্যয় কাকে বলে? ১
খ. উদ্যোক্তা বলতে কী বোঝ তা ব্যাখ্যা করো। ২
গ. সুরেশের সৃষ্ট কাজটি অর্থনীতিতে কোন ধরনের উৎপাদন নির্দেশ করছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর, সুরেশের সিদ্ধান্ত সঠিক ছিল? যুক্তিসহ ব্যাখ্যা করো। ৪

**৪.▶** বাবর সাহেব একটি বিজ্ঞাপন সংস্থা চালান। একবার তার বিলবোর্ড ভেঙে রাস্তা বন্ধ হওয়াতে অন্য রাস্তা দিয়ে বেশি ভাড়া দিয়ে মানুষকে চলাচল করতে হয়। ফলে খরচ বেশি পড়ে।
ক. শ্রম বলতে কী বোঝ? ১
খ. ভূমি প্রকৃতির দান বুঝিয়ে লেখ। ২
গ. বাবরের প্রতিষ্ঠানের প্রকাশ্য ও অপ্রকাশ্য ব্যয় ব্যাখ্যা করো। ৩
ঘ. এলাকায় জনসাধারণের বেশি ভাড়া দিয়ে চলাচল করতে হয়। এটি কোন ধরনের ব্যয়— বুঝিয়ে লেখ। ৪

**৫.▶** হেলাল উত্তরাধিকার সূত্রে একটি ইটভাটার মালিকানা লাভ করে। সম্প্রতি দেশে পাকা ইট নির্মাণের কাজ বৃদ্ধি পাওয়ায় ইটের চাহিদা অনেক বেড়ে গেছে। এ বাড়তি চাহিদা পূরণের জন্য প্রথম পর্যায়ে সে ইট পোড়ানোর কয়লার ব্যবহার বৃদ্ধি করে। সর্বশেষ তার সঞ্চিত অর্থ ব্যয় করে আরও কিছু নতুন মেশিন ক্রয় করে ইটভাটায় সংযোজন করে।
ক. উৎপাদনের উপকরণ কী? ১
খ. কাঠ দিয়ে তৈরি খাট কোন ধরনের উপযোগ সৃষ্টি করে তা ব্যাখ্যা করো। ২
গ. হেলালের প্রথম পর্যায়ের কাজটি অর্থনীতির ভাষায় ব্যাখ্যা করো। ৩
ঘ. হেলালের শেষের কাজটি মূলধন গঠনের সাথে কতটা সম্পর্কযুক্ত বলে তুমি মনে করো? তোমার মতামত দাও। ৪

**৬.▶** জনাব আজাদ 'আজাদ প্রোডাক্টস' এর স্বত্বাধিকারী। একজন নিম্নবিত্ত শিক্ষকের সন্তান হলেও আজ তিনি বাংলাদেশের খ্যাতনামা সংগঠক হিসেবে পরিচিতি লাভ করেছেন। এর পেছনে রয়েছে তার কঠোর পরিশ্রম, সততা, ভালো ব্যবহার এবং সঠিক সময়ে সঠিক কাজ করার চেষ্টা। তার প্রতিষ্ঠানে উল্লেখযোগ্য সংখ্যক লোকের কর্মসংস্থান হয়েছে। দেশে তার ব্যবসায়ের ব্যাপক প্রসার ঘটেছে। তাছাড়া তার উৎপাদিত পণ্য এখন বিদেশেও রপ্তানি হচ্ছে।
ক. সংগঠন কাকে বলে? ১
খ. একজন সংগঠকের একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য লেখো। ২
গ. কীভাবে একজন ব্যক্তি সফল সংগঠক হতে পার তা জনাব আজাদ সাহেবের জীবনের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে জনাব আজাদ সাহেবের মতো সংগঠকের ভূমিকা মূল্যায়ন করো। ৪

**৭.▶** 'ক' দারিদ্র্যপীড়িত মানুষ। জীবিকা অর্জনের জন্য সে পরিত্যক্ত সয়াবিনের বোতল সংগ্রহ করে। সে প্রতিদিন সকাল থেকে বিকেল পর্যন্ত এ বোতল কুড়ানোর কাজটি করে থাকে। সন্ধ্যায় সে একটি কারখানায় গিয়ে কুড়ানো বোতল বিক্রি করে থাকে। এভাবে তার কাজের মাধ্যমে উপযোগের সৃষ্টি হয়। অন্যদিকে, কারখানাটি নতুন মডেলের বোতল তৈরি করে বাজারজাত করে থাকে। এর মাধ্যমে কারখানাটিও উপযোগ সৃষ্টি করে।
ক. ব্যক্তিগত ব্যয় কী? ১
খ. কাঠ থেকে তক্তা তৈরি এবং বনের কাঠ শহরে আনার ফলে সৃষ্ট উপযোগের গুরুত্ব লেখ। ২
গ. উদ্দীপকে 'ক' এর কাজটিতে কোন ধরনের উৎপাদনের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. নতুন ধরনের উৎপাদন সৃষ্টিতে উদ্দীপকের 'ক' এর ভূমিকা মূল্যায়ন করো। ৪

**৮.▶** জমির আলী তার জমিতে উৎপাদন বাড়ানোর জন্য শ্রমিকের পাশাপাশি তার সন্তানদেরকেও নিয়োজিত করেন এবং মূলধন সরবরাহ করেন। প্রথমদিকে আশানুরূপ উৎপাদন বাড়লেও পরে উপকরণ খরচের তুলনায় উৎপাদন বাড়ে খুবই কম পরিমাণ। তিনি হতাশ হয়ে কৃষি অফিসে যোগাযোগ করলে তারা উন্নত বীজ ও সার ব্যবহারের পরামর্শ দেন।
ক. মানুষ কর্তৃক উৎপাদিত একমাত্র উৎপাদনের উপকরণ কোনটি? ১
খ. অর্থনীতিতে ভূমি বলতে কী বোঝায়? ২
গ. জমির আলীর জমিতে যে বিধিটি কার্যকর তা বিশ্লেষণ করো। ৩
ঘ. বিধিটি কার্যকর থাকা সত্ত্বেও জমির আলী কী ব্যবস্থা নিলে উৎপাদন বাড়বে বলে তুমি মনে কর? যুক্তি দাও। ৪

**৯.▶** রতন ও তার বন্ধুরা একটি কারখানায় কাজ করে। কারখানার মালিক হাবীব সাহেব তাদের কাজ তদারক করেন। তারা দিনে ৮ ঘণ্টা কাজ করে। মাস শেষে তারা একটি নির্দিষ্টি বেতন পায়। লাভ বা লোকসানের দায় কারখানার মালিকের।
ক. আর্থিক উৎপাদন ব্যয় কী? ১
খ. উৎপাদনের কোন উপাদানকে উদ্যোক্তা বলে এবং কেন? ২
গ. রতন ও তার বন্ধুরা উৎপাদনের যে উপাদান সেটি ব্যাখ্যা করো। ৩
ঘ. উৎপাদন ক্ষেত্রে হাবীব সাহেবের সামগ্রিক ভূমিকা বিশ্লেষণ করো। ৪

**১০.▶** টিকে চৌধুরী একজন সফল উদ্যোক্তা। উৎপাদন প্রক্রিয়ায় যেকোনো পরিস্থিতিতে তিনি খুব দ্রুত কার্যকরী পদক্ষেপ নিতে পারেন। এছাড়া তিনি উৎপাদনের সকল উপকরণ যথাযথভাবে সংগঠিত করে উৎপাদনকার্য পরিচালনা করেন। কেননা, সংগঠন ব্যবস্থাপনা যত সুন্দর হবে ব্যবসায়ের সাফল্য তত বেশি হবে।
ক. উদ্যোক্তা কী? ১
খ. সংগঠনের বিকাশ বলতে কী বোঝায়? ২
গ. টিকে চৌধুরী কেন একজন সফল উদ্যোক্তা তা উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. 'সংগঠন ব্যবস্থাপনা যত সুন্দর হবে ব্যবসায়ের সাফল্য তত বেশি হবে' উক্তিটির আলোকে একটি ভালো সংগঠনের বৈশিষ্ট্যসমূহ বিশ্লেষণ করো। ৪

**১১.▶** সগীর আলী একজন কৃষক। তিনি তার জমিতে মরিচ উৎপাদন করেন। তিনি ১০ জন শ্রমিক নিয়োগ দিয়ে ১০০০ কেজি মরিচ উৎপাদন করতে সমর্থ হন। পরের বছর তার ছেলেও শ্রমিকদের সাথে কাজ করায় মরিচের উৎপাদন বেড়ে ১০৫০ কেজিতে দাঁড়ায়।
ক. প্রান্তিক উৎপাদন কাকে বলে? ১
খ. উপযোগ সৃষ্টির প্রক্রিয়াটি ব্যাখ্যা করো। ২
গ. সগীর আলীর জমিতে মরিচের মোট উৎপাদন, গড় উৎপাদন এবং প্রান্তিক উৎপাদন নির্ণয় করে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের গড় ও প্রান্তিক উৎপাদনের মধ্যে কোনো সম্পর্ক আছে কি? উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

## সৃজনশীল বহুনির্বাচনি | মডেল প্রশ্নপত্রের উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | খ | ৩ | গ | ৪ | ক | ৫ | ক | ৬ | খ | ৭ | খ | ৮ | ক | ৯ | খ | ১০ | খ | ১১ | গ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | খ |
| ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | ক | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | গ |